

পেয়ারা গাছের ফুল ও কচি ফল কয়েকটি কারণে ঝড়ে পড়তে পারে। প্রথমত লক্ষ্য করতে হবে যে কোন রোগ বা পোকাকার আক্রমণ হয়েছে কিনা। দ্বিতীয়ত মাটিতে বোরন সারের অভাব হলে এবং তৃতীয়ত ফুল ও ফল ধরা অবস্থায় গাছে পানির অভাব হলে। আপনি আপনার পেয়ারা গাছের অবস্থা বুঝে ব্যবস্থা নিবেন। তাছাড়া প্রতি বৎসর বর্ষার শুরুতে ও শেষে গাছের বয়স অনুযায়ী সুষম সার প্রয়োগ করতে হবে। তার সাথে বয়স অনুসারে ৫-২০ গ্রাম পর্যন্ত বোরন সার প্রয়োগ করতে হবে। গাছে ফুল আসার পর পানির অভাব হলে ঠিক সেই সময় পানির ব্যবস্থা করতে হবে। মাটির অবস্থা বুঝে ১০-১৫ দিন অন্তর কমপক্ষে ৩ বার সেচ প্রদান করতে হবে। অনেক সময় ২% হারে বোরন স্প্রে করেও ভাল ফল পাওয়া যায়।

ড. মদন গোপাল সাহা

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

ফল বিভাগ

উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র

মোবাইল-০১৫৫২৪৫০১৮২